



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৩২২/১৭ / ময়মনসিংহ-২০২/

তারিখঃ ০৬.০৪.২০১৯খ্রিঃ

বিষয়: সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) বিগত ২৮-১০-২০১৮ ইং তারিখের আবেদন ও যোগদান পত্র গ্রহণ না করায় অত্র বোর্ডে আপিল আবেদন দাখিল করেছেন। আবেদনে তিনি উল্লেখ করেন যে, অর্থ আঙ্গসাতের অভিযোগে বিগত ২১-০১-১৯৯৫ ইং তারিখে শোকজবিহীন সাময়িকভাবে তাকে দরখাস্ত করা হয়। ম্যানেজিং কমিটি কর্তৃক ০৬-১২-১৯৯৫ ইং তারিখে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি ৩১-১২-১৯৯৫ ইং তারিখ প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে তাঁকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে চাকুরিতে পুনঃবহালের সুপারিশ করে। উক্ত প্রতিবেদনের আলোকে তিনি যোগদান করতে গেলে ভারপ্রাপ্ত সুপার তাঁকে যোগদান করতে বাধা দেয়। পরবর্তীতে অত্র বোর্ড কর্তৃক অনুমোদন পাওয়ার পর মাদ্রাসা পরিচালনা কমিটি চূড়ান্ত বরখাস্ত করে বেতন-ভাতা বন্ধ করলেও অদ্যাবধি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত বরখাস্তের আদেশ জারি করা হয়নি। এছাড়াও ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দায়ের করা দস্ত বিধির ৪২০/৪০৬ ধারায় মামলা নং-৬৪ (১২)০১, জিআর নং-৯৮৯/২০০১ আদালত কর্তৃক খারিজ হয় এবং তাকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) কর্তৃক দাখিলকৃত আল কারিমুল বারী দাখিল মাদ্রাসার সুপার পদে যোগদানের আবেদনের বিষয়ে আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৪.১৯
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

১। সভাপতি/ ভারপ্রাপ্ত সুপার, ম্যানেজিং কমিটি, আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: চরঘাগড়া, উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



নং-বামাশিবো/প্রশাসন/ / ময়মনসিংহ-২০২/

তারিখঃ .০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
৫. চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরিত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং ৯৬৭৪৮৭